

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।

ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০৩১.১১.০৭২.০৩-৭৬

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

বিষয়ঃ গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার ০৩ নং টোক ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুস সাত্তার শেখ এর নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার ০৩ নং টোক ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুস সাত্তার শেখ এর বিরুদ্ধে আনীত বর মোঃ মাসুদ মিয়া ও কনে নাগিস আক্তারের বিবাহ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা দেনমোহর ধার্য করতঃ তন্মধ্যে স্বর্ণালংকার বাবদ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা পরিশোধ উল্লেখ নিবন্ধন করা (রেজিস্ট্রার নং এ, ভলিউম নং ০১/১৭, পৃষ্ঠা নং ৫২) সত্ত্বেও পরবর্তীতে কনে পক্ষকে দেনমোহরের পরিমাণ ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা উল্লেখ করতঃ নিকাহনামার ১৫ নং ক্রমিক ফাঁকা রেখে সম্পূর্ণ দেনমোহর বকেয়া দেখিয়ে নিকাহনামার সত্যায়িত প্রতিলিপি সরবরাহ করার অভিযোগটি অভিযুক্ত নিকাহ রেজিস্ট্রারের স্বীকারোক্তির ভিত্তিতে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং এ প্রসঙ্গে অভিযুক্ত নিকাহ রেজিস্ট্রার কর্তৃক প্রেরিত কারণ দর্শানোর লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় তার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার ০৩ নং টোক ইউনিয়নের অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক উক্ত অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সল্লিকটবর্তী) কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আব্দুস সাত্তার শেখ এর নিকট হতে বাংলাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, গাজীপুর-কে নির্দেশ প্রদান করা হলো। শূন্য ঘোষিত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, গাজীপুর/সাব-রেজিস্ট্রার, কাপাসিয়া, গাজীপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ

(মোঃ আবদুল ওয়াহাব)

সিনিয়র সহকারী সচিব

ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

জেলা রেজিস্ট্রার,
গাজীপুর।

নং-১০.০০.০০০০৩১.১১.০৭২.০৩-৭৬

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৫. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৮. সাব-রেজিস্ট্রার, কাপাসিয়া, গাজীপুর।
৯. অফিসার ইনচার্জ, কাপাসিয়া থানা, গাজীপুর।
১০. জনাব মোঃ আব্দুস সাত্তার শেখ, সাবেক নিকাহ রেজিস্ট্রার, ০৩ নং টোক ইউনিয়ন,
উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর।
১১. অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব